## অধ্যায়-এগার

# এশিয়ার কয়েকটি দেশ

■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸**

অনিন্দ্য গ্রীষ্মের ছুটিতে মা-বাবার সাথে বাংলাদেশের পার্শ্ববর্তী একটি দেশে যায়। দেশটির উত্তরে হিমালয় পর্বতমালা এবং পশ্চিমে হিন্দুকুশ ও সুলেমান পর্বতমালা। দেশটি প্রাচীন শিল্পকলা ও সভ্যতাসমৃদ্ধ।

ক. মালয়েশিয়ার রাজধানীর নাম কী? ১
খ. বহুজাতি দেশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. অনিন্দ্যের ভ্রমণকৃত দেশটির সাথে বাংলাদেশের জলবায়ুর সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ.অনিন্দ্যের ভ্রমণকৃত দেশের সাথে বাংলাদেশের বন্ধুত্ব ও সহযোগিতামূলক সম্পর্কের গুরবত্ব ব্যাখ্যা কর। ৪

**ক** মালয়েশিয়ার রাজধানীর নাম কুয়ালালামপুর।

**খ** যে দেশে নানাজাতির মানুষ বসবাস করে সে দেশকে বহুজাতির দেশ বলা হয়। যেমন : আমাদের প্রতিবেশী দেশ ভারত একটি বহুজাতিক দেশ। কারণ এ দেশে নানা জাতির বসবাস। যেমন : নাগা, কুকি, তামিল, বাঙালি, অসমীয়া, ভোজপুরি, কাশ্মীরি, গুজরাটি, মালয়ালাম, পাঞ্জাবী ইত্যাদি। এসব জাতির নিজস্ব ভাষা রয়েছে। এক একটি জাতির সংস্কৃতি অন্য জাতির সংস্কৃতি থেকে ভিন্ন।

**গ** অনিন্দ্যের ভ্রমণকৃত দেশটি হলো ভারত। কেননা অনিন্দ্য বাংলাদেশের পার্শ্ববর্তী যে দেশটিতে বেড়াতে যায় সে দেশের উত্তরে হিমালয় পর্বতমালা এবং পশ্চিমে হিন্দুকুশ ও সুলেমান পর্বতমালা। এছাড়া দেশটি প্রাচীন শিল্পকলা ও সভ্যতা সমৃদ্ধ, যা ভারতের সাথে সাদৃশ্যপূর্ণ।
বাংলাদেশের জলবায়ুর সঙ্গে ভারতের জলবায়ুর বেশ সাদৃশ্য রয়েছে। বাংলাদেশ ও ভারত ক্রান্তীয় জলবায়ু অঞ্চলে অবস্থিত। সমুদ্র সান্নিধ্য ও মৌসুমি বায়ুর প্রভাবে বাংলাদেশ ও ভারতে শীত ও গ্রীষ্মের তীব্রতা খুব বেশি নয়। বাংলাদেশের মতো ভারতেও নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত শীতকাল। শীতকালে বাংলাদেশ ও ভারতে তেমন বৃষ্টিপাত ঘটে না। শীতের পরে উভয় দেশে আসে গরম বায়ুপ্রবাহ। এ সময় ঝড়ো হাওয়া, ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস উভয় দেশে সংঘটিত হয়। উত্তরে বিশাল হিমালয় ও দৰিণে বঙ্গোপসাগরের উপস্থিতি উভয় দেশের জলবায়ুকে প্রভাবিত করে।

**ঘ** অনিন্দ্যের ভ্রমণকৃত দেশটি হচ্ছে ভারত। আর এ দেশটির সঙ্গে বাংলাদেশের বন্ধুত্ব ও সহযোগিতামূলক সম্পর্কের গুরবত্ব অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ভারত দৰিণ এশিয়ার একটি বৃহৎ ও শক্তিশালী রাষ্ট্র। নিকটতম প্রতিবেশী রাষ্ট্র হওয়ায় বাংলাদেশের যেকোনো সমস্যায় ভারতই প্রথমে এগিয়ে আসতে পারবে। যেমনটি আমরা স্বাধীনতা যুদ্ধের সময় দেখতে পেয়েছি। সে সময় তারা অস্ত্র, অর্থ ও সৈন্য সরবরাহ করে আমাদের সাহায্য করেছিল। বৃহৎ রাষ্ট্র হিসেবে ভারত আমাদের তুলনায় অর্থনৈতিক দিক থেকে অনেক এগিয়ে গিয়েছে। সুতরাং তাদের সার্বিক সহযোগিতা পেলে আমরাও উন্নত রাষ্ট্রে পরিণত হতে পারব। এছাড়া পাশাপাশি অবস্থান হওয়ায় ব্যবসা–বাণিজ্যের ৰেত্রেও তারা আমাদের বেশি সহযোগিতা করতে পারবে।

**প্রশ্ন– ২ ▸▸**

**ঘটনা ১ :** জনাব সফিউল দৰিণ পূর্ব এশিয়ার একটি দেশে বেড়াতে গিয়েছেন। সমুদ্রবেষ্টিত দেশটির প্রাকৃতিক দৃশ্য অত্যন্ত মনোরম। দেশটি দ্বীপ প্রধান হলেও চারটি দ্বীপই অর্থনীতির ৰেত্রে মূল ভূমিকা রাখছে।

**ঘটনা–২ :** জনাব কবীর দীর্ঘদিন যাবৎ পূর্ব এশিয়ার একটি দেশে কর্মরত আছেন। দেশটি পৃথিবীর মধ্যে সর্বাধিক জনবহুল দেশ হলেও অর্থনৈতিকভাবে বেশ সমৃদ্ধ।

ক. পৃথিবীর বৃহত্তম পর্বতমালার নাম কি? ১
খ. ভারতকে পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতা সমৃদ্ধ দেশ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সফিউলের বেড়াতে যাওয়া দেশটির জলবায়ু কেমন? বর্ণনা কর। ৩
ঘ.ঘটনা–১ ও ঘটনা–২ এর দেশ দুইটির অর্থনীতির তুলনামূলক বিশেরষণ কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** পৃথিবীর বৃহত্তম পর্বতমালার নাম হিমালয় পর্বতমালা।

**খ** ভারত পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতাসমৃদ্ধ দেশ। পাঁচ হাজার বছর আগের সভ্যতার নিদর্শন পাওয়া গেছে এ দেশটিতে। দৰিণ ভারতে অজন্তা পর্বতগুহার চিত্রকর্ম, সারা দেশে ছড়িয়ে থাকা অজস্র প্রাচীন মন্দির ও ভাস্কর্য, আগ্রার তাজমহল, দিলিরর কুতুব মিনার, লালকেলরা প্রভৃতি ভারতের প্রাচীন সমৃদ্ধ সভ্যতার পরিচয় বহন করে।

**গ** জাপানের জলবায়ু প্রধানত নাতিশীতোষ্ণ প্রকৃতির। তবে উত্তর থেকে দৰিণে জলবায়ুর মধ্যে বিরাট পার্থক্য পরিলৰিত হয়। জাপানের ভৌগোলিক বৈশিষ্ট্যগুলো ছয়টি প্রধান জলবায়ু অঞ্চলের মধ্যে বিভাজিত হয়েছে। সর্ব উত্তরে অবস্থিত অঞ্চলে আর্দ্র মহাদেশীয় জলবায়ু দেখা যায়। এখানে শীতকাল দীর্ঘ ও শীতল এবং গ্রীষ্মকাল খুব উষ্ণ থেকে শতিল। এখানে ভারী বৃষ্টিপাত দেখা যায় না। তবে শীতকালে দ্বীপগুলো গভীর তুষারেরর চাদরে আচ্ছাদিত হয়ে যায়। গ্রীষ্মকালের শেষ দিকে এবং শরৎকালের গোড়ার দিকে টাইফুন ঝড় ভারি বৃষ্টিপাত ঘটায়। জাপানি দ্বারা প্রধান পূর্ব এশিয়ার একটি দেশ। জলবায়ুগত বৈশিষ্ট্যের কারণে এখানকার প্রাকৃতিক সৌন্দর্যও অনেক মনোমুগ্ধকার। যা উদ্দীপকে জনাব সফিউল সাহেবের দৃষ্টিগোচর হয়।

**ঘ** ঘটনা–১ এর দেশটি হলো জাপান আর ঘটনা–২ এ জনাব কবীর পূর্ব এশিয়ার দেশ চীনে কর্মরত যা পৃথিবীর সর্বাধিক জনবহুল দেশ। জাপান পৃথিবীর অন্যতম শিল্পোন্নত দেশ। জাপানের কৃষিপণ্যের মধ্যে উলেরখযোগ্য হলো ধান, গম, বার্লি, সয়াবিন, মিষ্টি আলু, আখ, বিট, আপেল ও আঙুর। জাপানের প্রধান শিল্প হচ্ছে লোহা ও ইস্পাত, ইলেকট্রনিক্স, জাহাজ ও গাড়ি নির্মাণ, কলকজা, ওষুধ, বিদ্যুৎ সামগ্রী ও বিভিন্ন প্রকার ভারি যন্ত্রপাতি। শিল্পে জাপান পৃথিবীর শীর্ষস্থানে রয়েছে। দেশটির অর্থনীতির মূল চালিকাশক্তিই হলো শিল্প। দেশটিতে প্রচুর খনিজ সম্পদও রয়েছে। যার মধ্যে উলেরখযোগ্য হলো প্রাকৃতিক গ্যাস, কয়লা, লোহা, ম্যাংগানিজ, পেট্রোলিয়াম, সিসা, সোনা, রবপা প্রভৃতি। চীনও শিল্পোন্নত দেশ। তবে চীনের অর্থনীতি এখনও প্রধানত কৃষিনির্ভর। কৃষিজাত দ্রব্যের মধ্যে ধানই প্রধান। অন্যান্য কৃষিজাত দ্রব্যের মধ্যে উলেরখযোগ্য হচ্ছে গম, আলু, বীট, তুলা, চা, তামাক পাতা, তেল বীজ, আখ, সয়াবিন, কোকো, পামতেল প্রভৃতি। চীনের প্রধান শিল্প হচ্ছে লৌহ, ইস্পাত, রেশম, সার, যন্ত্রপাতি, সিমেন্ট, কাগজ, চিনি, ওষুধ প্রভৃতি। খনিজ সম্পদের দিক থেকেও চীন অত্যন্ত সম্পদশালী। দেশটির ভূগর্ভে রয়েছে মূল্যবান খনিজ সম্পদ, যেমন পেট্রোলিয়াম, আকরিক লৌহ, তামা, অ্যালুমিনিয়াম, স্বর্ণ, কয়লা প্রভৃতি। এছাড়াও চীন বনজ সম্পদে সমৃদ্ধ। এর বনভূমিতে রয়েছে ৩২ হাজারেরও বেশি উন্নত প্রজাতির উদ্ভিদ।

**প্রশ্ন– ১ ▸▸**

‘X’ দেশ– 
- ৫টি স্বায়ত্তশাসিত অঞ্চল
- ২২টি প্রদেশ

ক. জাপানের স্থানীয় নাম কী? ১

খ. জাপানকে ‘সূর্যোদয়ের দেশ’ বলা হয় কেন? ২

গ. ‘X’ দেশের সাথে বাংলাদেশের সম্পর্ক বর্ণনা কর। ৩

ঘ. ‘X’ দেশের অর্থনৈতিক অবস্থা সমৃদ্ধ বিশেরষণ কর। ৪

## ১ নং প্রশ্নের উত্তর

**ক** জাপানের স্থানীয় নাম নিহন বা নিপ্পন।

**খ** এশিয়া মহাদেশের একেবারে পূর্ব প্রান্তে জাপান অবস্থিত। এখানে সব দেশের আগে সূর্য উদয় হয়। তাই জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয়।

**গ** ‘X’ দেশ হচ্ছে চীন। পূর্ব এশিয়ার চীন দেশটিকেই প্রশাসনিক দিক থেকে ২২টি প্রদেশ এবং ৫টি স্বায়ত্বশাসিত অঞ্চলে ভাগ করা হয়েছে। উদ্দীপকের ছকে এ তথ্য সন্নিবেশিত হয়েছে। বাংলাদেশের সঙ্গে চীনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আছে। শিল্প ও বাণিজ্য ৰেত্রে চীনের সাথে আমাদের সহযোগিতার সম্পর্কও রয়েছে। এ দেশটি বাংলাদেশের উন্নয়নের লৰ্যমাত্রা অর্জনের অন্যতম সহযোগী। আমদানি রপ্তানির ৰেত্রে দেশটি আমাদের অনেক আগ থেকেই সহযোগিতা করে আসছে।

**ঘ** ‘X’ দেশ তথা চীনের অর্থনৈতিক অবস্থা সমৃদ্ধ। চীনের বিভিন্ন অর্থনৈতিক দ্রব্য ও সমৃদ্ধ তা প্রমাণ করে। চীনের অর্থনীতি এখনও প্রধানত কৃষিনির্ভর। কৃষিজাত দ্রব্যের মধ্যে ধানই প্রধান। অন্যান্য কৃষিজাত দ্রব্যের মধ্যে উলেৰখযোগ্য হচ্ছে গম, আলু, বীট, তুলা, চা, তামাক পাতা, তেলবীজ, আখ, সয়াবিন, কোকো, পামতেল প্রভৃতি। দেশটির প্রধান শিল্প লৌহ, ইস্পাত, রেশম, সার যন্ত্রপাতি, সিমেন্ট, কাগজ, চিনি, ঔষধ প্রভৃতি। খনিজ সম্পদের দিক থেকেও চীন অত্যন্ত সম্পদশালী। দেশটির ভূগর্ভে রয়েছে মূল্যবান খনিজ সম্পদ, যেমন : পেট্রোলিয়াম, আকরিক লৌহ, তামা, এ্যালুমিনিয়াম, স্বর্ণ, কয়লা প্রভৃতি। এর বনভূমিতে রয়েছে ৩২ হাজারেরও বেশি উন্নত প্রজাতির উদ্ভিদ ও সাড়ে ১১শ প্রজাতির পাখি। হোয়াংহো ও ইয়াংসি চীনের বৃহত্তম নদী। উপরি–উলিৰখিত চীনের সম্পদ এবং বর্তমান বিশ্বে চীনের অর্থনৈতিক দাপট প্রমাণ করে যে, দেশটি অর্থনৈতিকভাবে সমৃদ্ধ।

**প্রশ্ন– ২ ▸▸**

মাসিমো এবং সুমিন দুজনকে আলাদা করা কঠিন। দেখতে তারা একই রকম। কিন্তু দুজনের মাতৃভাষা ভিন্ন। মাসিমো পূর্ব এশিয়ার একটি দ্বীপ দেশের বাসিন্দা। অপরদিকে সুমিন এশিয়ার উত্তর–পূর্ব কোণের এক উপদ্বীপের বাসিন্দা।

ক. পূর্ব এশিয়ার কোন দেশের চারদিকে সমুদ্র? ১

খ. জাপানের জলবায়ুর বৈশিষ্ট্য উলেরখ কর। ২

গ. উদ্দীপকের আলোকে মাসিমো এবং সুমিনের জাতীয় পরিচয় বর্ণনা কর। ৩

ঘ. সুমিনের বসবাসরত উপদ্বীপে জাতিগত ভিন্নতা না থাকলেও দুইটি দেশের অস্তিত্ব বিদ্যমান– কারণ বিশেৰষণ কর। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** পূর্ব এশিয়ার দেশ জাপানের চারদিকে সমুদ্র।

**খ** জাপানের জলবায়ু নাতিশীতষ্ণমণ্ডলীয়। এখানকার উত্তর–পূর্বাঞ্চলে মৌসুমি জলবায়ুর প্রভাব স্পষ্ট। গ্রীষ্মকালে দেশটির আবহাওয়া আর্দ্র এবং শীতের তীব্রতাও কম।

**গ** উদ্দীপকে মাসিমো এবং সুমিন শারীরিক গঠনে এক হলেও তাদের ভাষা ভিন্ন। সুতরাং পূর্ব এশিয়ার মাসিমো দ্বীপ দেশ জাপানের বাসিন্দা। অন্যদিকে সুমিন এশিয়ার উত্তর–পূর্ব কোনের কোরিয়ান উপদ্বীপের বাসিন্দা। কোরিয়ানরা জাতিগতভাবে একই ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত। ভাষাগত ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্যের দিক দিয়ে কোরিয়ানরা জাপানিদের থেকে আলাদা। তবে

শারীরিক গঠনের দিক দিয়ে কোরিয়া ও জাপানের মানুষের সাথে মিল রয়েছে। যেমন উদ্দীপকে মাসিমো ও সুমিনের মধ্যে দেখা যায়। কোরিয়ানরা সবাই একই কোরিয়ান ভাষায় কথা বলে ও লেখে। আর জাপানের শতকরা ৯৯ ভাগ মানুষ জাপানি ভাষায় কথা বলে।

**ঘ** সুমিন কোরিয়ান উপদ্বীপে বসবাস করে। এ দ্বীপের সকল মানুষ কোরিয়ান। শারীরিক গঠনে, ভাষায় ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্যে তারা এক। তথাপি রাজনৈতিক ও অর্থনৈতিক কারণে কোরিয়ান উপদ্বীপে দৰিণ কোরিয়া ও উত্তর কোরিয়া নামক দুইটি রাষ্ট্রের অস্তিত্ব বিদ্যমান। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে কোরিয়া দু'ভাগে বিভক্ত হয়ে যায়। একটি দৰিণ কোরিয়া এবং অপরটি উত্তর কোরিয়া। দৰিণ কোরিয়ার সরকারি নাম কোরিয়া প্রজাতন্ত্র উত্তর কোরিয়ার সরকার নাম গণজাতন্ত্রী কোরিয়া। দুটি দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থাও ভিন্ন। দৰিণ কোরিয়া গণতান্ত্রিক উত্তর কোরিয়া সমাজতান্ত্রিক মূলত তাদের এই রাজনৈতিক ও অর্থনৈতিক ভিন্নতা কোরিয়ান উপদ্বীপে দুইটি দেশের জন্ম দিয়েছে।

**প্রশ্ন– ৩ ▸▸**

ডেভিড দৰিণ এশিয়ার একটি দেশে ভ্রমণে আসেন যাকে পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ বলা হয়। আবার এ. কে আজাদ পূর্ব এশিয়ার আরেকটি দেশে ভ্রমণে যান যে দেশটির অর্থনীতির মূল চালিকাশক্তিই হলো শিল্প।

ক. চীনের সাথে বাংলাদেশের কী ৰেত্রে সহযোগিতার সম্পর্ক আছে? ১

খ. চীনকে কেন বহু জাতি ও সম্প্রদায়ের দেশ বলা হয়? ২

গ. ডেভিড যে দেশে ভ্রমণে যান তার ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর। ৩

ঘ.'পূর্ব এশিয়ার এ কে আজাদের ভ্রমণকৃত দেশের অর্থনীতির মূল চালিকাশক্তিই শিল্প'। প্রমাণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** শিল্প ও বাণিজ্য ৰেত্রে চীনের সাথে বাংলাদেশের সহযোগিতার সম্পর্ক রয়েছে।

**খ** বহুজাতি ও সম্প্রদায়ের বাস বলে চীনকে বহুজাতি ও সম্প্রদায়ের দেশ বলা হয়। চীনের জনসংখ্যার শতকরা ৯৫ ভাগ হান জাইনিজ বংশোদ্ভূত। এছাড়াও রয়েছে আরও ৫৬টি জাতির বসবাস। যার মধ্যে উলেৰখযোগ্য হলো জুয়াং, মাঞ্চু, হুই, মিয়াও, উইঘুর, মোঙ্গল, তিব্বতি প্রভৃতি।

**গ** ডেভিড দৰিণ এশিয়ার একটি দেশে ভ্রমণে আসেন যাকে পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ বলা হয়। সুতরাং ডেভিড ভারতে ভ্রমণে আসেন। এশিয়া মহাদেশের মধ্য দৰিণে ভারতের অবস্থান। দেশটি আমাদের নিকটতম প্রতিবেশী। এর উত্তরে রয়েছে পৃথিবীর বৃহত্তম হিমালয় পর্বতমালা। পূর্বাঞ্চলে আরাকান পর্বত ও আসামের জঙ্গল। পশ্চিমাঞ্চলের হিন্দুকুশ ও সুলেমান পর্বতমালা। দেশটির দৰিণে ভারত মহাসাগর অবস্থিত। এর আয়তন প্রায় ৩২ লৰ ৮৭ হাজার বর্গকিলোমিটার।

**ঘ** পূর্ব এশিয়ায় এ কে আজাদের ভ্রমণকৃত দেশটি হচ্ছে জাপান। জাপানের অর্থনীতির মূল চালিকাশক্তিই শিল্প। আর এ বিষয়টি উদ্দীপকেও বর্ণিত হয়েছে। জাপানের অর্থনীতির মূল চালিকাশক্তিই শিল্প– বিষয়টি প্রমাণিত জাপান পূর্ব এশিয়ার একটি দ্বীপময় দেশ। দেশটিতে প্রচুর খনিজ সম্পদও রয়েছে। যার মধ্যে উলেৰখযোগ্য হলো প্রাকৃতিক গ্যাস, কয়লা, লোহা, ম্যাঙ্গানিজ, পেট্রোলিয়াম, সিসা, সোনা, রবপা প্রভৃতি। জাপানের প্রধান শিল্প হচ্ছে লোহা ও ইস্পাত, ইলেকট্রনিক্স, জাহাজ ও গাড়ি নির্মাণ, বস্ত্র, কলকবজা, ওষুধ, বিদ্যুৎ সামগ্রী এবং বিভিন্ন প্রকার ভারি যন্ত্রপাতি। শিল্পে জাপান বিশ্বে শীর্ষস্থানে রয়েছে। আর এ শীর্ষস্থান নিশ্চিতভাবেই প্রমাণ করে জাপান দেশটির অর্থনীতির মূল চালিকাশক্তিই হলো শিল্প।

**প্রশ্ন– ৪ ▸▸**

জনাব আফজাল হোসেন একজন কৃষিবিদ। সম্প্রতি তিনি কৃষিবিষয়ক একটি কর্মশালায় অংশ নিতে দৰিণ–পূর্ব এশিয়ার একটি দেশ ভ্রমণ করেন। তিনি দেশটির শিল্পায়ন, নগরায়ন, শিৰা, বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের সঙ্গে বাংলাদেশের সেব বিষয়ের ব্যাপক পার্থক্য লৰ করলেন। অথচ তিন দশক আগে দেশটির সামাজিক ও অর্থনৈতিক অবস্থা অনেকটা বাংলাদেশের মতোই ছিল।

ক. মালয়েশিয়ার প্রধান সমুদ্র বন্দরের নাম কী? ১

খ. মালয়েশিয়ার সীমানা বর্ণনা কর। ২

গ. জনাব আফজাল হোসেনের ভ্রমণকৃত দেশের যোগাযোগ ব্যবস্থা বর্ণনা কর। ৩

ঘ.'আমরাও দেশটির মতো উন্নত হতে পারি'– উদ্দীপক ও পাঠ্যপুস্তকের আলোকে মন্তব্য কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** মালয়েশিয়ার প্রধান সমুদ্র বন্দরের নাম পেনাং।

**খ** মালয়েশিয়া দৰিণ–পূর্ব এশিয়ার একটি গুরবত্বপূর্ণ দেশ। মালয় উপদ্বীপ, ব্রিটিশ, সিঙ্গাপুর এবং বর্ণিওর উত্তর ও উত্তর–পশ্চিমাংশ নিয়ে মালয়েশিয়া গঠিত।

**গ** জনাব আফজাল হোসেন দৰিণ–পূর্ব এশিয়ার মালয়েশিয়া ভ্রমণ করেন। স্বাধীনতার পর স্বল্প সময়ের মধ্যে মালয়েশিয়া নানা ৰেত্রে উন্নতি লাভ করে। ফলে তিন দশক আগে আর্থসামাজিক অবস্থা একই রূ পে থাকলেও বর্তমানে মালয়েশিয়ার সাথে প্রায় সকল ৰেত্রেই বাংলাদেশের পার্থক্য লৰ করা যায়। উদ্দীপকে জনাব আফজাল তা প্রত্যৰ করেন। মালয়েশিয়ার যোগাযোগ ব্যবস্থাও বর্তমানে যথেষ্ট উন্নত। যোগাযোগের প্রধান মাধ্যম হলো রেলপথ, সড়ক পথ ও বিমান পথ। ক্ল্যাঙ্গ কুচিং এবং পেনাং মালয়েশিয়ার প্রধান সমুদ্রবন্দর।

**ঘ** মালয়েশিয়ার মতো আমরাও উন্নত হতে পারি। উদ্দীপকে বলা হয়েছে– তিন দশক আগেও মালয়েশিয়ার সামাজিক ও অর্থনৈতিক অবস্থা আমাদের মতো ছিল। বর্তমানে শিল্পায়ন, শিৰা, বিজ্ঞান, প্রযুক্তি প্রভৃতি ৰেত্রে উন্নতি লাভের মাধ্যমে মালয়েশিয়া উন্নত। এ বিবেচনায় আমাদের উন্নতিও সম্ভাবনাময়। এজন্য আমাদের দেশে শিল্পের প্রসার ঘটাতে হবে। এর ফলে অর্থনৈতিক উন্নয়ন দ্রবততর হবে। শিল্পায়ন ও নগারায়ণ ঘটলে প্রযুক্তির প্রসার বাড়বে। আর শিৰার প্রসার ঘটলে মানুষের মধ্যে সচেতনতা বাড়বে। সেই সঙ্গে মূল্যবোধের উন্নতি হলে

সামাজিক পরিবর্তন ঘটবে। অর্থনৈতিক উন্নয়ন সাধিত হলে বিজ্ঞান ও প্রযুক্তির সদ্ব্যবহার সম্ভব হবে। প্রকৃতপৰে বাংলাদেশে প্রাকৃতিক সম্পদ, জনসংখ্যা সবদিক থেকেই উন্নতির অনুকূল অবস্থা বিরাজমান। প্রয়োজন শুধু সঠিক পরিকল্পনা এবং সকলের সম্মিলিত আন্তরিক প্রয়াস।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৫ ▸▸**

জেমি অনার্স পরীৰা শেষে বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে একটি সার্ক দেশে ভ্রমনে যায়। ভ্রমণের পর জেমি বুঝতে পারল দেশটির জলবায়ু, ইতিহাস, সংস্কৃতি, অর্থনৈতিক অবস্থা প্রভৃতি বাংলাদেশের সাথে সাদৃশ্যপূর্ণ।

ক. নয়াদিলির কোন দেশের রাজধানী? ১

খ. চীনের জাতিগোষ্ঠী কেমন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জেমির ভ্রমণকৃত দেশের পরিচয় ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দেশের সাথে বাংলাদেশের সম্পর্ক বিশেৰষণ কর। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** নয়াদিলির ভারতের রাজধানী।

**খ** চীনের বহুজাতি ও সম্প্রদায়ের লোক বাস করে। তবে চীনের জনসংখ্যার শতকরা ৯৫ ভাগ হান চাইনিজ বংশোদ্ভূত। এছাড়া রয়েছে আরও ৬৫টি জাতির বসবাস। যার মধ্যে উলেৰখ্যযোগ হলো– জুয়াং, মাঞ্চু, হুই, মিয়াও উইঘুর, মোঙ্গাল, তিব্বতি প্রভৃতি।

***X-clusive* লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–**

**গ** ভারতের ভৌগোলিক পরিচয় বর্ণনা কর।

**ঘ** ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক বিশেৰষণ কর।

**প্রশ্ন– ৬ ▸▸**

‘A’ এশিয়ার দৰিণ–পূর্বে অবস্থিত একটি গুরবত্বপূর্ণ দেশ। দেশটির ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ। দেশটি বাংলাদেশের ন্যায় কৃষিপ্রধান।

ক. চীনের স্থানীয় নাম কী? ১

খ. জাপানের অর্থনীতির মূল চালিকাশক্তি কোনটি? ২

গ. ‘A’ দেশটির পরিচয় বর্ণনা কর। ৩

ঘ. ‘A’ দেশটি কৃষিপ্রধান হলেও অর্থনীতিতে সমৃদ্ধ– বিশেৰষণ কর। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** চীনের স্থানীয় নাম ঝুংঘু।

**খ** জাপানের অর্থনীতির মূল চালিকাশক্তি হলো শিল্প। জাপান একটি ৰুদ্র দেশ তবুও শিল্পের বদৌলতে এটি অন্যতম বৃহৎ অর্থনীতির দেশে পরিণত হয়েছে। জাপানের প্রধান শিল্প হলো লোহা ও ইস্পাত, ইলেকট্রনিক্স, জাহাজ ও গাড়ি নির্মাণ, বস্ত্র, কলকব্জা, ওষুধ, বিদ্যুৎসামগ্রী এবং বিভিন্ন প্রকার ভারি যন্ত্রপাতি।

***X-clusive* লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–**

**গ** মালয়েশিয়ার পরিচয় তুলে ধর।

**ঘ** মালয়েশিয়ার অর্থনৈতিক অবস্থা বিশেৰষণ কর।

## জ্ঞানমুলক প্রশ্ন ও অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশ কোন মহাদেশের অন্তর্গত?**

**উত্তর :** বাংলাদেশ এশিয়া মহাদেশের অন্তর্গত।

**প্রশ্ন ॥ ২ ॥ এশিয়া মহাদেশে মোট কতটি দেশ রয়েছে?**

**উত্তর :** এশিয়া মহাদেশে মোট ২৭টি দেশ রয়েছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কোন দেশ বাংলাদেশের সবচাইতে নিকটতম প্রতিবেশী?**

**উত্তর :** ভারত বাংলদেশের সবচাইতে নিকটতম প্রতিবেশী।

**প্রশ্ন ॥ ৪ ॥ কোন দেশকে পৃথিবীর অন্যতম প্রাচীন ও সভ্যতাসমৃদ্ধ দেশ বলা হয়?**

**উত্তর :** ভারতকে পৃথিবীর অন্যতম প্রাচীন ও সভ্যতাসমৃদ্ধ দেশ বলা হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ তাজমহল ভারতের কোথায় অবস্থিত?**

**উত্তর :** তাজমহল ভারতের আগ্রায় অবস্থিত।

**প্রশ্ন ॥ ৬ ॥ ভারত কখন স্বাধীনতা লাভ করে?**

**উত্তর :** ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারত স্বাধীনতা লাভ করে।

**প্রশ্ন ॥ ৭ ॥ প্রাচীনকাল হতে ভারত কোন শিল্পের জন্য সারা পৃথিবীতে বিখ্যাত ছিল?**

**উত্তর :** প্রাচীনকাল হতে ভারত বস্ত্রশিল্পের জন্য পৃথিবীতে বিখ্যাত ছিল।

**প্রশ্ন ॥ ৮ ॥ আমরা ভারতের কোন কথাটি স্মরণ রাখব?**

**উত্তর :** ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধে ভারতের সহায়তার কথা আমরা স্মরণ রাখব।

**প্রশ্ন ॥ ৯ ॥ চীন এশিয়ার কোন অংশে অবস্থিত?**

**উত্তর :** চীন এশিয়ার পূর্বাংশে অবস্থিত।

**প্রশ্ন ॥ ১০ ॥ পৃথিবীর সবচাইতে অধিক জনসংখ্যার দেশ কোনটি?**

**উত্তর :** পৃথিবীর সবচাইতে অধিক জনসংখ্যার দেশ হলো চীন।

**প্রশ্ন ॥ ১১ ॥ চীনের জলবায়ু প্রধানত কোন ধরনের?**

**উত্তর :** চীনের জলবায়ু প্রধানত নাতিশীতোষ্ণ।

**প্রশ্ন ॥ ১২ ॥ চীনের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষার নাম কী?**

**উত্তর :** চীনের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষার নাম মান্দারিন।

**প্রশ্ন ॥ ১৩ ॥ কোন ক্ষেত্রে চীনের সঙ্গে আমাদের সহযোগিতার সম্পর্ক রয়েছে?**

**উত্তর :** শিল্প ও বাণিজ্যের ৰেত্রে চীনের সঙ্গে আমাদের সহযোগিতার সম্পর্ক রয়েছে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ জাপানকে কী নামে অভিহিত করা হয়?**

**উত্তর :** জাপানকে সূর্যোদয়ের দেশ নামে অভিহিত করা হয়।

**প্রশ্ন ॥ ১৫ ॥ কোন ক্ষেত্রে জাপানের সাথে আমাদের সম্পর্ক রয়েছে?**

**উত্তর :** বাণিজ্যের ৰেত্রে জাপানের সাথে আমাদের সম্পর্ক রয়েছে।

**প্রশ্ন ॥ ১৬ ॥ কোরিয়া কখন দু'ভাগে বিভক্ত হয়ে যায়?**

**উত্তর :** দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর কোরিয়া দু'ভাগে বিভক্ত হয়ে যায়।

**প্রশ্ন ॥ ১৭ ॥ কোরিয়ার দুই অংশ মিলে কতটি দ্বীপ রয়েছে?**

**উত্তর :** কোরিয়ার দুই অংশ মিলে প্রায় তিন হাজার দ্বীপ রয়েছে।

**প্রশ্ন ॥ ১৮ ॥ মালয়েশিয়ার রাজধানীর নাম কী?**

**উত্তর :** মালয়েশিয়ার রাজধানীর নাম কুয়ালালামপুর।

**প্রশ্ন ॥ ১৯ ॥ মালয়েশিয়ার কতভাগ লোক কৃষির ওপর নির্ভরশীল?**

**উত্তর :** মালয়েশিয়ার শতকরা ৫০ ভাগেরও বেশি লোক কৃষির ওপর নির্ভরশীল।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ চীনের ভূপ্রকৃতি বর্ণনা কর।**

**উত্তর :** চীন একটি বিশাল দেশ। চীনের পূর্বে প্রশান্ত মহাসাগর, পশ্চিম উত্তর দিকে রাশিয়া, মঙ্গোলিয়া, ভারতের কিছু অংশ এবং দৰিণে হিমালয়। দেশটির স্থলভাগের এক-তৃতীয়াংশের বেশি জুড়ে রয়েছে পাহাড় পর্বত। বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট নেপাল ও চীনের সীমান্ত বরাবর অবস্থিত।

**প্রশ্ন ॥ ২ ॥ ভারতকে পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতার দেশ বলা হয় কেন?**

**উত্তর :** পাঁচ হাজার বছর আগের সভ্যতার নিদর্শন পাওয়া গেছে ভারতে। তখন সিন্ধু ও হরপ্পা সভ্যতা এ অঞ্চলে বিকাশ লাভ করেছিল। দক্ষিণ ভারতে অজন্তা পর্বতগুহার চিত্রকর্ম, সারা দেশে ছড়িয়ে থাকা অজস্র প্রাচীন মন্দির ও ভাস্কর্য, আগ্রার তাজমহল, দিল্লির কুতুবমিনার, লালকেল্লা প্রভৃতি ভারতের প্রাচীন সভ্যতার পরিচয় বহন করে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক মূল্যায়ন কর।**

**উত্তর :** জনগণের জীবনযাত্রার মান, অর্থনৈতিক অবস্থা, ভৌগোলিক ও জলবায়ুগত বৈশিষ্ট্য এবং ইতিহাস ও সংস্কৃতির দিক থেকে ভারতের সঙ্গে আমাদের অনেক মিল রয়েছে। ভারতের সঙ্গেই বাংলাদেশের রয়েছে চমৎকার বন্ধুত্ব। শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, বাণিজ্য, শিল্প, প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে ভারতের সঙ্গে আমাদের সহযোগিতার সম্পর্ক রয়েছে। ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধে ভারতের সহায়তার কথা আমরা সর্বদা স্মরণ করি।

**প্রশ্ন ॥ ৪ ॥ কোরিয়ার ভাষাগত ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ কর।**

**উত্তর :** কোরিয়ানরা জাতিগতভাবে এক ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত। ভাষাগত ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্যের দিক দিয়ে কোরিয়ানরা চীন ও জাপানিদের থেকে আলাদা। যদিও শারীরিক গঠনের দিক দিয়ে চীন ও জাপানের মানুষের সাথে তাদের মিল রয়েছে। কোরিয়ানরা সবাই একই কোরিয়ান ভাষায় কথা বলে ও লেখে।

**প্রশ্ন ॥ ৫ ॥ মালয়েশিয়ার উন্নয়নের ধারার বিবরণ দাও।**

**উত্তর :** মালয়েশিয়া ১৯৫৭ সালের ৩১ আগস্ট যুক্তরাজ্যের শাসন থেকে মুক্ত হয়ে স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করার পর ক্রমশ উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। কৃষিক্ষেত্রে উন্নতির ধারা বেশি। শিল্পে বিশেষত ক্ষুদ্র ও কুটির শিল্পে উন্নতির ধারা অব্যাহত রাখার জন্য সরকার সর্বদা সচেস্ট। দেশের অধিবাসীরা উন্নয়ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। দেশে শ্রমশক্তি কম থাকায় বন্ধু রাষ্ট্রগুলো থেকে জনশক্তি আমদানি করে কৃষি, শিল্প ও ব্যবসা-বাণিজ্যের বিভিন্ন ক্ষেত্রে নিয়োগ করা হয়। বাংলাদেশের বহু লোক মালয়েশিয়ার বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে সক্রিয়ভাবে জড়িত।

**প্রশ্ন ॥ ৬ ॥ ভারতের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর।**

**উত্তর :** এশিয়া মহাদেশের মধ্যে দৰিণে ভারতের অবস্থান। এর উত্তরে রয়েছে পৃথিবীর বৃহত্তম হিমালয় পর্বতমালা। পূর্বাঞ্চলে আরাকান পর্বত ও আসামের জঙ্গল। পশ্চিমাঞ্চলে হিন্দুকুশ ও সুলেমান পর্বতমালা। দেশটির দৰিণে ভারত মহাসাগর অবস্থিত।

**প্রশ্ন ॥ ৭ ॥ ভারতের অর্থনীতির ধরন ব্যাখ্যা কর।**

**উত্তর :** ভারতের অর্থনীতি মূলত কৃষিনির্ভর। দেশটির শতকরা ৭০ ভাগ লোক কৃষিজীবী। প্রধান খাদ্যশস্যের মধ্যে ধান, গম, বার্লি, যব, কফি, চা উলেরখযোগ্য। প্রাচীনকাল হতে ভারত তার বস্ত্রশিল্পের জন্য সারা পৃথিবীতে বিখ্যাত ছিল। বর্তমানে ইস্পাত, সিমেন্ট, যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্য, সার এমনকি জাহাজ ও গাড়ি তৈরিতে এগিয়ে আছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ জাপানের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর।**

**উত্তর :** জাপান পূর্ব এশিয়ার একটি দ্বীপময় দেশ। এশিয়া মহাদেশের একেবারে পূর্বপ্রান্তে এদেশটি অবস্থিত। ছোট-বড় প্রায় চার হাজার দ্বীপ নিয়ে এ রাষ্ট্রটি গঠিত। এর মধ্যে প্রধান চারটি দ্বীপ হলো হোক্কাইডো, হন্সু, ইশকোকু ও কিউশু। দেশটির চারদিকেই সমুদ্র। জাপান সাগর এবং পূর্বচীন সাগর জাপানকে এশিয়া মহাদেশের মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন করে রেখেছে।

## ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১ : বাংলাদেশের সঙ্গে ভারত ও চীনের বন্ধুত্ব ও সহযোগিতার সম্পর্ক➡** বোর্ড বই, পৃষ্ঠা-৯৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **আমাদের নিকটতম প্রতিবেশী দেশ কোনটি?** (জ্ঞান)

ⓚ বাংলাদেশ ● ভারত ⓖ জাপান ⓘ নেপাল

২. **ভারতের কোন দিকে পৃথিবীর বৃহত্তম হিমালয় পর্বত?** (জ্ঞান)

● উত্তরে ⓚ দক্ষিণে ⓖ পূর্বে ⓘ পশ্চিমে

৩. **পৃথিবীর বৃহত্তম পর্বতের নাম কী?** (জ্ঞান)

ⓚ তাজিং ডং ⓚ এভারেস্ট ● হিমালয় ⓘ বিজয়

৪. **ভারতের আয়তন কত?** [মণিপুর উচ্চ বিদ্যালয়]

ⓚ ১ লক্ষ ৪৭ হাজার বর্গকিলোমিটার ⓚ ৫ লক্ষ ৩০ হাজার বর্গকিলোমিটার
ⓖ ১০ লক্ষ ৮৭ হাজার বর্গকিলোমিটার ● ৩২ লক্ষ ৮৭ হাজার বর্গকিলোমিটার

৫. **ভারতের লোকসংখ্যা কত?** (জ্ঞান)

ক ১৩১ কোটি ৯৫ লৰ ৭৭ হাজার ৯৫৮ জন
● ১৩২ কোটি ৯৬ লৰ ৭৮ হাজার ৯৫৯ জন
গ ১৩৩ কোটি ৯৭ লৰ ৭৯ হাজার ৯৬০ জন
ঘ ১৩৪ কোটি ৯৭ লৰ ৮০ হাজার ৯৬১ জন

৬. **ভারতের রাজধানীর নাম কী?** (জ্ঞান)

● নয়াদিলি– খ দিলি– গ কলকাতা ঘ মুম্বাই

৭. **ভারতকে দুশো বছর শাসন করেছে কারা?** [মণিপুর উচ্চ বিদ্যালয়]

ক বাঙালিরা খ পাকিস্তানিরা ● ইংরেজরা ঘ জাপানিরা

৮. **ভারতের শতকরা কত ভাগ লোক গ্রামে বাস করে?** (জ্ঞান)

ক ৭০ ● ৮০ গ ৭৫ ঘ ৯০

৯. **ভারতকে পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ কেন বলা হয়?**(উচ্চতর দক্ষতা)

● গণতান্ত্রিক শাসনব্যবস্থা বহু বছর সাফল্যের সঙ্গে কাজ করছে
খ গণতান্ত্রিক রীতিনীতি সমাজব্যবস্থায় পালিত হয়ে আসছে
গ প্রত্যেকটি সেক্টরে গণতান্ত্রিক মনোভাব বিরাজ করছে
ঘ প্রাদেশিক রাষ্ট্রীয় কাঠামো গণতান্ত্রিকভাবে পরিচালিত হচ্ছে

১০. **ভারতবর্ষে ইউরোপীয়দের আগমনের সর্বশেষ ফলাফল কী?** (উচ্চতর দক্ষতা)

ক ইউরোপীয়দের প্রাধান্য ● ভারতের পরাধীনতা
গ ধর্মীয় বিশ্বাসহীনতা ঘ কুসংস্কার থেকে মুক্তি

১১. **ভারত বহুজাতি, সম্প্রদায় ও ভাষাগোষ্ঠীর মানুষের একটি দেশ। এখানে বহুজাতি ও সম্প্রদায় বলতে কোনটি প্রকাশ পায়?** (প্রয়োগ)

ক একটি ধর্মের ● অনেক ধর্মের গ কয়েকটি ধর্মের ঘ একটি বংশের

১২. **পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতাসমৃদ্ধ দেশ কোনটি?**[ফেনী গভ. গার্লস হাইস্কুল]

ক জাপান খ কোরিয়া গ মালয়েশিয়া ● ভারত

১৩. **পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ বলা হয় কোনটিকে?** (জ্ঞান)

ক চীনকে খ নেপালকে ● ভারতকে ঘ বাংলাদেশকে

১৪. **চীনকে বিশ্বের সর্বাধিক জনসংখ্যার দেশ বলা হয় কেন?**
[দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক কম জনসংখ্যা বাস করায় খ জন্মহার সবচেয়ে বেশি হওয়ায়
● অনেক জনসংখ্যা বাস করায় ঘ মৃত্যুহার সবচেয়ে কম হওয়ায়

১৫. **এশিয়া মহাদেশে ভারতের অবস্থান কোথায়?** (জ্ঞান)

● মধ্য–দক্ষিণে খ মধ্য–পূর্বে গ দক্ষিণে ঘ উত্তর–পশ্চিমে

১৬. **ভারতের পূর্বাঞ্চলে কোন পর্বত অবস্থিত?** (জ্ঞান)

● আরাকান খ হিমালয় গ হিন্দুকুশ ঘ তাজিং ডং

১৭. **ভারত কবে স্বাধীনতা লাভ করে?**[দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক ১৯৪৭ সালের ১৪ই আগস্ট খ ১৯৪৮ সালের ১৪ই আগস্ট
গ ১৯৪৮ সালের ১৫ই আগস্ট ● ১৯৪৭ সালের ১৫ই আগস্ট

১৮. **"বৈদেশিক শক্তি ভারতবর্ষকে দখল করেছে" বলতে কী বুঝানো হয়েছে?**(উচ্চতর দৰতা)

● শাসন করেছে খ সংস্কার করেছে
গ অর্থ দিয়েছে ঘ অর্থ নিয়েছে

১৯. **ভারতকে দক্ষিণ এশিয়ার একটি বৃহৎ ও শক্তিশালী রাষ্ট্র বলা হয় কেন?** (অনুধাবন)

ক পারমাণবিক অস্ত্রের জন্য ● আয়তন ও অর্থনীতির জন্য
গ বৈচিত্র্য ও শিল্পের জন্য ঘ জনসংখ্যার জন্য

২০. **কেন আমরা ১৯৭১–এর মহান মুক্তিযুদ্ধ স্মরণে ভারতকে স্মরণ করি?**(অনুধাবন)

ক শত্রুতা করার জন্য ● সহযোগিতা করার জন্য
গ বন্দি রাখার জন্য ঘ নির্যাতন করার জন্য

২১. **পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ বলা হয় কোন দেশকে?** (জ্ঞান)

● ভারত খ চীন গ মালয়েশিয়া ঘ বাংলাদেশ

২২. **চীনের রাষ্ট্রীয় নাম কী?**

● গণপ্রজাতন্ত্রী চীন খ গণচীন গ চীন ঘ পূর্ব–চীন

২৩. **চীনের রাজধানীর নাম কী?** (জ্ঞান)

ক ঢাকা খ দিলি– গ তিমুর ● বেইজিং

২৪. **প্রশাসনিক দিক থেকে চীনকে কতটি প্রদেশে ভাগ করা হয়েছে?** (জ্ঞান)

ক ২১ ● ২২ গ ২৩ ঘ ২৪

২৫. **চীনের আয়তন কত?** (জ্ঞান)

ক ৯২ লক্ষ ৯৫ হাজার বর্গকিলোমিটার
● ৯৫ লক্ষ ৯৭ হাজার বর্গকিলোমিটার
গ ৯৭ লক্ষ ৮৭ হাজার বর্গকিলোমিটার
ঘ ৯৯ লক্ষ ৯৭ হাজার বর্গকিলোমিটার

২৬. **চীনের শতকরা ৯৫ ভাগ লোক কোন বংশোদ্ভূত?** (জ্ঞান)

ক ইংরেজ ● হান চাইনিজ গ ভারতীয় ঘ জাপানি

২৭. **মাউন্ট এভারেস্ট কোথায় অবস্থিত?** [খুলনা জিলা স্কুল]

● নেপাল ও চীনের সীমান্ত বরাবর
খ নেপাল ও ভারতের সীমান্ত বরাবর
গ চীন ও ভারতের সীমান্ত বরাবর
ঘ ভারত ও বাংলাদেশের সীমান্ত বরাবর

২৮. **চীনের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষা কী?** (জ্ঞান)

● মান্দারিন খ তেগুচি গ মিয়াও ঘ উইঘুর

২৯. **চীনের প্রধান কৃষিজাত দ্রব্যের নাম কী?**

ক গম খ আলুর গ আখ ● ধান

৩০. **হিন্দুকুশ ও সুলেমান পর্বতমালা কোথায় অবস্থিত?**

ক ভারতের দক্ষিণাঞ্চলে খ ভারতের মধ্য-দক্ষিণাঞ্চলে
● ভারতের পশ্চিমাঞ্চলে ঘ ভারতের উত্তরাঞ্চলে

৩১. **চীনের জলবায়ু প্রধানত কীরূপ?** [ফেনী গভ. গার্লস হাইস্কুল]

ক মেরুদেশীয় খ নিরক্ষীয় গ মৌসুমি ● নাতিশীতোষ্ণ

৩২. **চীনের বৃহত্তম নদী কোনটি?** (অনুধাবন)

ক ওব ও লেনা ● হোয়াংহো ও ইয়াংসি
গ ইরাবতী ও মেনাং ঘ গঙ্গা ও সিন্ধু

৩৩. **চীনের ভৌগোলিক অবস্থারূপে কোন উক্তিটি প্রযোজ্য?** (জ্ঞান)

পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যখানে–
● ভারত ও রাশিয়ার মধ্যখানে
গ ভারত ও বাংলাদেশের মধ্যখানে
ঘ পাকিস্তান ও রাশিয়ার মধ্যখানে

৩৪. **খনিজ সম্পদের দিক থেকেও চীন অত্যন্ত সম্পদশালী। বাক্যটিতে ফুটে উঠেছে?**

ক চীনে খনিজ সম্পদ সংরৰিত খ চীনে খনিজ সম্পদ রপ্তানিমুখী
● চীন মূল্যবান খনিজ সম্পদে সমৃদ্ধ ঘ চীনের খনিজ সম্পদ পরিশোধিত

৩৫. **চীন সম্পদশালী দেশ হওয়ার পেছনে কোনটি সবচেয়ে বেশি অবদান রেখেছে?**

ক কৃষিসম্পদ খ বনজ সম্পদ

ⓖ মৎস সম্পদ ● খনিজ সম্পদ

৩৬. **চীনের সাথে আমাদের সহযোগিতার সম্পর্ক রয়েছে কোন ক্ষেত্রে?** (জ্ঞান)

ⓚ পরিবহন ও যোগাযোগ ⓚ সভ্যতা ও সংস্কৃতি
ⓖ শিক্ষা ও মানব উন্নয়ন ● শিল্প ও বাণিজ্য

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৭. **ভারতে প্রাচীন সভ্যতার পরিচয় বহন করছে–**[রাজশাহী কলেজিয়েট স্কুল]

i. অজন্তা পর্বতগুহার চিত্রকর্ম ii. ঝুলন্ত উদ্যান
iii. তাজমহল

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৮. **ভারতবর্ষ শাসন করেছে–** (উচ্চতর দৰতা)

i. মুঘল ও পাঠান ii. ফরাসি ও ইংরেজ
iii. পুর্তগিজ ও ওলন্দাজ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৯. **চীনের মূল্যবান খনিজ সম্পদ–** (অনুধাবন)

i. পেট্রোলিয়াম ও আকরিক লৌহ ii. তামা ও অ্যালুমিনিয়াম
iii. স্বর্ণ ও কয়লা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৪০. **এশিয়ার দেশগুলোর মধ্যে যেসব বিষয়ে মিল রয়েছে–** (অনুধাবন)

i. জীবনযাত্রার মান ii. জলবায়ুগত বৈশিষ্ট্য
iii. ইতিহাস ও সংস্কৃতি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৪১. **"চীনে বহুজাতি ও সম্প্রদায়ের বাস" বলতে বোঝানো হয়েছে–** (প্রয়োগ)

i. বহু সম্প্রদায়ের বসবাস ii. অনেক জাতির বসবাস
iii. বহু ধর্মাবলম্বীর বসবাস

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও :**

ঢাকা শহরের প্রতিবেশী জেলা গাজীপুর। এই জেলায় রয়েছে বিশাল আয়তনের ভাওয়াল গড়। জনসংখ্যার দিক থেকে গাজীপুর বৃহত্তম জেলা। [কুষ্টিয়া জিলা স্কুল]

৪২. **গাজীপুর জেলার বিভিন্ন বৈশিষ্ট্যের সাথে এশিয়ার কোন দেশের তুলনামূলক সাদৃশ্য রয়েছে?**

ⓚ পাকিস্তান ● ভারত ⓖ জাপান ⓘ বাংলাদেশ

৪৩. **অনুচ্ছেদের উক্ত দেশটি এশিয়ার অন্যতম বৃহত্তম দেশ–**

i. জনসংখ্যার দিক থেকে ii. গণতন্ত্রের দিক থেকে
iii. সম্পদের দিক থেকে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪ ও ৪৫ নং প্রশ্নের উত্তর দাও :**

পৃথিবীর বৃহত্তম মহাদেশ হচ্ছে এশিয়া। এশিয়া মহাদেশের দক্ষিণাংশে 'ক' দেশের অবস্থান। দেশটি পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যতার দেশ বলা হয়। ভারত পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ।

৪৪. **'ক' দেশটির কোনদিকে ভারত মহাসাগর অবস্থিত?** (প্রয়োগ)

ⓚ পূব ⓚ পশ্চিম ⓖ উত্তর ● দৰিণ

৪৫. **উক্ত দেশটি সারাবিশ্বে খ্যাতিমান–** (উচ্চতর দৰতা)

i. গণতান্ত্রিক শাসনব্যবস্থার কারণে ii. সর্বাধিক জনসংখ্যার দেশ বলে
iii. প্রাচীন সভ্যতার নিদর্শনে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ●i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**➲ পাঠ-২ : বাংলাদেশের সঙ্গে জাপান, কোরিয়া ও মালয়েশিয়ার বন্ধুত্ব ও সহযোগিতার সম্পর্ক**

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. **জাপান কোন মহাদেশে অবস্থিত?** (জ্ঞান)

● এশিয়া ⓚ আফ্রিকা ⓖ ইউরোপ ⓘ ওশেনিয়া

৪৭. **কোন দেশটির চারদিকে সমুদ্র বেষ্টিত?** (জ্ঞান)

ⓚ বাংলাদেশ ⓚ শ্রীলঙ্কা ● জাপান ⓘ

৪৮. **জাপানের রাজধানীর নাম কী?** (জ্ঞান)

ⓚ ঢাকা ● টোকিও ⓖ দিলি– ⓘ কাঠমুণ্ডু

৪৯. **এশিয়া মহাদেশের পূর্বপ্রান্তে কোন দেশ অবস্থিত?** (জ্ঞান)

ⓚ চীন ⓚ ভারত ⓖ মালদ্বীপ ● জাপান

৫০. **জাপান পৃথিবীতে কী নামে পরিচিত?** (জ্ঞান)

● সূর্যোদয়ের দেশ ⓚ সোনালি আঁশের দেশ
ⓖ পৃথিবীর ভূস্বর্গ ⓘ প্রাচীন সভ্যতার দেশ

৫১. **জাপানিদের জাতিগত ধর্ম কী?**[সরকারি করোনেশন মাধ্যমিক বিদ্যালয়, খুলনা]

ⓚ ইসলাম ⓚ খ্রিস্টান ● সিন্টো ⓘ বৌদ্ধ

৫২. **"শিল্পে জাপান বিশ্বের শীর্ষ স্থানে"– এখানে কী বোঝানো হয়েছে?** (প্রয়োগ)

ⓚ জাপানের শিল্প প্রকৃতি নির্ভর ⓚ জাপানের শিল্প রপ্তানিমুখী
● জাপানের মূল চালিকাশক্তিই শিল্প ⓘ শিল্পে জাপান এগিয়ে যাচ্ছে

৫৩. **জাপানের রাষ্ট্রীয় নাম কী?** [কুষ্টিয়া জিলা স্কুল]

ⓚ গণপ্রজাতন্ত্রী জাপান ⓚ জাপান গণপ্রজাতন্ত্রী
● কিংডম অব জাপান ⓘ সমাজতান্ত্রিক জাপান

৫৪. **কোন সময় জাপানে ছেলেমেয়েদের শিক্ষা বাধ্যতামূলক?** (জ্ঞান)

ⓚ ৬ থেকে ১০ বছর পর্যন্ত ● ৬ থেকে ১৫ বছর পর্যন্ত
ⓖ ৬ থেকে ২১ বছর পর্যন্ত ⓘ ৫ থেকে ১৮ বছর পর্যন্ত

৫৫. **জাপান একটি দ্বীপময় রাষ্ট্র। এখানে কী বোঝানো হয়েছে?** (প্রয়োগ)

● অনেকগুলো দ্বীপের সমন্বয়ে জাপান গঠিত
ⓚ জাপানের বাইরে অনেক দ্বীপ আছে
ⓖ জাপানে দ্বীপগুলো পলি দিয়ে গঠিত
ⓘ জাপান নামে একটি দ্বীপ আছে

৫৬. **জাপানকে 'সূর্যোদয়ের দেশ' বলা হয়। এর তাৎপর্য কোনটি?** (উচ্চতর দৰতা)

ⓚ জাপানে রাতেও সূর্য ওঠে বলে
ⓚ জাপানে সূর্য তাড়াতাড়ি অস্ত যায় বলে

ⓖ জাপানে সবসময় সূর্যের আলো থাকে বলে
● পৃথিবীর মধ্যে সবার আগে জাপানে সূর্য উদয় হয় বলে

**৫৭. বাংলাদেশের সঙ্গে জাপানের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ কেন?** (অনুধাবন)
● জাপান বাংলাদেশের শিল্প উন্নয়নে প্রধান সহযোগী
ⓚ বাংলাদেশ জাপানের শিল্প উন্নয়নে প্রধান সহযোগী
ⓖ জাপান বাংলাদেশের ঘনিষ্ঠ প্রতিবেশি রাষ্ট্র
ⓖh বাংলাদেশ জাপান থেকে সাহায্য গ্রহণ করে

**৫৮. এশিয়া মহাদেশের মূল ভূখন্ড থেকে জাপান বিচ্ছিন্ন হয়েছে কীভাবে?** (প্রয়োগ)
ⓚ একটি দ্বীপের মাধ্যমে ⓚh রাষ্ট্রীয় কলহের মাধ্যমে
ⓖ প্রাকৃতিক দুর্যোগের কারণে
● জাপান সাগর ও পূর্ব চীন সাগরের মাধ্যমে

**৫৯. জাপানের জলবায়ু কী ধরনের?** (জ্ঞান)
ⓚ শীতল ⓚh উষ্ণমণ্ডলীয় ● নাতিশীতষ্ণ ⓖh ক্রান্তীয়

**৬০. জাপানের অর্থনীতির মূল চালিকাশক্তি কী?** (জ্ঞান)
ⓚ খনিজ সম্পদ ⓚh কৃষি পণ্য ● শিল্প

**৬১. কোরিয়া দুই ভাগে বিভক্ত হয় কবে?** (জ্ঞান)
ⓚ প্রথম বিশ্বযুদ্ধের পর ● দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর
ⓖ কোরিয়াযুদ্ধের পর ⓖh স্বাধীনতা যুদ্ধের পর

**৬২. নভেম্বর থেকে মার্চ পর্যন্ত কোরিয়ায় বিরাজমান ঋতু কোনটি?** (জ্ঞান)
ⓚ গ্রীষ্মকাল ⓚh বর্ষাকাল ● শীতকাল ⓖh বসন্তকাল

**৬৩. চীন ও জাপানের সঙ্গে কোরিয়ানদের কোন দিক দিয়ে মিল আছে?** (প্রয়োগ)
ⓚ ভাষা ⓚh ধর্ম ⓖ জাতি ● শারীরিক গঠন

**৬৪. উত্তর কোরিয়ার সরকারি নাম কী?**[সরকারি করোনেশন মাধ্যমিক বিদ্যালয়, খুলনা]
ⓚ কোরিয়া প্রজাতন্ত্র ⓚh গণতান্ত্রিক কোরিয়া
● গণপ্রজাতন্ত্রী কোরিয়া ⓖh একনায়কতন্ত্রী কোরিয়া

**৬৫. এশিয়া মহাদেশে কোরীয় উপদ্বীপের অবস্থান কোথায়?** (জ্ঞান)
● উত্তর-পূর্ব কোণে ⓚh পূর্ব-দক্ষিণ কোণে
ⓖ দক্ষিণ-পশ্চিম ⓖh পশ্চিম-উত্তর

**৬৬. কোরিয়ানরা কোরিয়ান ভাষায় পড়ালেখা করে। তাদের বিদ্যাভ্যাসের মধ্য দিয়ে কোনটি প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
ⓚ মাতৃভাষার প্রতি ভীতি ● মাতৃভাষার প্রতি ভালোবাসা
ⓖ বিদেশি ভাষার প্রতি শ্রদ্ধা ⓖh মাতৃভাষার প্রতি উদারতা

**৬৭. কোরিয়ার পূর্বে কী অবস্থিত?** (জ্ঞান)
ⓚ আটলান্টিক মহাসাগর ⓚh ভারত মহাসাগর
● জাপান সাগর ⓖh প্রশান্ত মহাসাগর

**৬৮. কোরিয়ায় কয়টি ঋতু আছে?** (জ্ঞান)
ⓚ তিন ● চার ⓖ দুই ⓖh ছয়

**৬৯. মালয়েশিয়ার রাজধানীর নাম কী?** (জ্ঞান)
● কুয়ালালামপুর ⓚh কাঠমুণ্ডু ⓖ দিল্লি ⓖh কাবুল

**৭০. "মালয়েশিয়া একটি কৃষিপ্রধান দেশ" বলতে কী বুঝবে?** (অনুধাবন)
ⓚ অধিকাংশ মানুষ কৃষিকাজ করে ● অধিকাংশ মানুষ কৃষির ওপর নির্ভরশীল
ⓖ কৃষি জমির প্রাচুর্য রয়েছে ⓖh কৃষিকে অবহেলা করা হয় না

**৭১. মালয়েশিয়ার ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ কেন?** (অনুধাবন)
ⓚ প্রকৃতিতে ছয়টি ঋতু থাকায়
● জলাভূমি, মরুভূমি ও পর্বতশ্রেণি নিয়ে গঠিত বলে
ⓖ চারদিকে সমুদ্র থাকায়
ⓖh সমতলভূমি নিয়ে গঠিত বলে

**৭২. ইপো ও কুচিং প্রধান কোন দেশের শহর?** (জ্ঞান)
ⓚ জাপানের ⓚh উত্তর কোরিয়ার
ⓖ দক্ষিণ কোরিয়ার ● মালয়েশিয়ার

**৭৩. ইরফান আলী যে কাজ করেন মালয়েশিয়ার শতকরা ৫০ ভাগেরও বেশি লোক সেই কাজ করে। ইরফান আলী কী কাজ করেন?** (প্রয়োগ)
● কৃষি ⓚh ব্যবসায় ⓖ চাকরি ⓖh শ্রমিক

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৪. জাপান এশিয়ার–** (অনুধাবন)
i. একটি দ্বীপময় দেশ ii. একেবারে পশ্চিমে অবস্থিত
iii. মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন
**নিচের কোনটি সঠিক?** ⓖh পর্যটন
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৭৫. জাপানে প্রধান দ্বীপ হলো–** (অনুধাবন)
i. হন্‌সু ii. মালয় iii. হোক্কাইডো
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৭৬. জাপানের শিল্পের মধ্যে উল্লেখযোগ্য–** (অনুধাবন)
i. বস্ত্র ii. ওষুধ iii. কলকব্জা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৭৭. জাপানে প্রধান কৃষিপণ্য হচ্ছে–** (অনুধাবন)
i. ধান, গম ii. বিট, সোয়াবিন
iii. কোক, তামাক পাতা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৭৮. কোরিয়ায় প্রচুর বৃষ্টিপাত হয়–** (অনুধাবন)
i. জুন মাসে ii. আগস্ট মাসে
iii. নভেম্বর মাসে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৭৯. কোরিয়ার কৃষি পণ্যের মধ্যে উল্লেখযোগ্য–** (অনুধাবন)
i. বার্লি ii. আপেল iii. বাঁধাকপি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৮০. রাইমা কোরিয়ার উল্লেখযোগ্য শিল্পের একটি তালিকা তৈরি করল। তালিকাটিতে রয়েছে–** (প্রয়োগ)
i. সিমেন্ট ii. রাসায়নিক তন্তু iii. ইলেকট্রনিক্স সামগ্রী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৮১. কোরিয়ার খনিজ সম্পদের মধ্যে রয়েছে–** (অনুধাবন)
i. রবপা ii. ট্যাংস্টেন iii. প্রাকৃতিক গ্যাস

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৮২. **কোরিয়ানরা চীন ও জাপানিজদের থেকে আলাদা–** (অনুধাবন)

i. শারীরিক গঠনের দিক দিয়ে ii. ভাষাগত বৈশিষ্ট্যের দিক দিয়ে

iii. নৃতাত্ত্বিক বৈশিষ্ট্যের দিক দিয়ে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৮৩. **মালয়েশিয়ার ভূপ্রকৃতির গঠন–** (অনুধাবন)

i. পশ্চিমাংশে জলাভূমি ii. পূর্বাংশে বালিময় এলাকা

iii. মধ্যভাগে পর্বতশ্রেণি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮৪. **মালয়েশিয়ার প্রধান শিল্পপণ্য হচ্ছে–** (অনুধাবন)

i. সার ii. চীনামাটির দ্রব্য

iii. ইলেকট্রনিক্স

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৮৫. **রিমির বড় চাচা মালয়েশিয়া থাকেন। যোগাযোগের ক্ষেত্রে তিনি সাধারণত ব্যবহার করেন–** (প্রয়োগ)

i. নৌপথ ii. রেলপথ

iii. সড়ক পথ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৬ ও ৮৭ নং প্রশ্নের উত্তর দাও :**

মাহযাবীনের পিতা এশিয়া মহাদেশের উত্তর–পূর্ব কোণে অবস্থিত একটি দেশে ব্যবসায়িক প্রয়োজনে গমন করেন। দেশটির উত্তর দিকের সীমান্তের অধিকাংশই চীনের সাথে এবং কিছু অংশ রাশিয়ার সাথে সংযুক্ত।

৮৬. **মাহযাবীনের পিতা কোন দেশে গমন করেন?** (প্রয়োগ)

ⓚ রাশিয়া ⓧ মালয়েশিয়া ⓖ জাপান ● কোরিয়া

৮৭. **উক্ত দেশের খনিজ সম্পদ হলো–** (উচ্চতর দক্ষতা)

i. সীসা ii. রূ পা iii. ইস্পাত

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓧ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৮৮ ও ৮৯ নং পশ্নের উত্তর দাও :**

'X' দেশটি দক্ষিণ পূর্ব এশিয়ার একটি গুরুত্বপূর্ণ দেশ। দেশটির ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ। এটি একটি কৃষি প্রধান দেশ।

৮৮. **অনুচ্ছেদের বর্ণিত দেশটির রাজধানীর নাম কী?** (অনুধাবন)

ⓚ পেনাং ● কুয়ালালামপুর

ⓖ জে সেল্টন ⓘ ক্ল্যাঙ্গা

৮৯. **'X' দেশের জন্য প্রযোজ্য–** (উচ্চতর দৰতা)

i. অর্থনীতি কৃষিনির্ভর

ii. ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ

iii. অল্প সময়ে নানাৰেত্রে উন্নতি সাধন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii